

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ২৪, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
মুদ্রণ ও প্রকাশনা শাখা

বিজ্ঞপ্তি

তারিখ: ১১ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৪ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ।

নং ০৭ (মু: ও প্র:)—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ১০ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৩ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নম্বর ০৭, ২০২৫

শেখ হাসিনা পঞ্জী উন্নয়ন একাডেমি, জামালপুর আইন, ২০২৩ সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে শেখ হাসিনা পঞ্জী উন্নয়ন একাডেমি, জামালপুর আইন, ২০২৩ (২০২৩ সনের ২৭ নং আইন) এর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভার্জিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সংগোষ্জনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩ (১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই অধ্যাদেশ শেখ হাসিনা পঞ্জী উন্নয়ন একাডেমি, জামালপুর (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ নামে অভিহিত হইবে।

(১৩৭৫)
মূল্য : ৮.০০

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০২৩ সনের ২৭ নং আইনের দীর্ঘ শিরোনাম এর সংশোধন।—শেখ হাসিনা পল্লী উন্নয়ন একাডেমি, জামালপুর আইন, ২০২৩ (২০২৩ সনের ২৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর দীর্ঘ শিরোনামে উল্লিখিত "শেখ হাসিনা" শব্দগুলি বিলুপ্ত হইবে।

৩। ২০২৩ সনের ২৭ নং আইনের ধারা ১ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "শেখ হাসিনা" শব্দগুলি বিলুপ্ত হইবে।

৪। ২০২৩ সনের ২৭ নং আইনের ধারা ২ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ২ এর দফা (১) এ উল্লিখিত "শেখ হাসিনা" শব্দগুলি বিলুপ্ত হইবে।

৫। ২০২৩ সনের ২৭ নং আইনের ধারা ৩ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "শেখ হাসিনা" শব্দগুলি বিলুপ্ত হইবে।

৬। ২০২৩ সনের ২৭ নং আইনের ধারা ৭ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৭ এর উপ-ধারা (১) এর—

(ক) দফা (ত) এ উল্লিখিত "শেখ রাসেল" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(খ) দফা (দ) এ উল্লিখিত "বঙ্গামাতা শেখ ফজিলাতুরেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জামালপুর" শব্দগুলি ও কমার পরিবর্তে "জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) দফা (ন) এ উল্লিখিত "শেখ হাসিনা" শব্দগুলি বিলুপ্ত হইবে।

৭। বিশেষ বিধান।—এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে উক্ত আইনের অধীন প্রণীত কোনো বিধি, প্রবিধান বা অন্য কোনো আইনগত দলিল বা জারিকৃত কোনো বিশেষ বা সাধারণ আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে, প্রসঙ্গের প্রয়োজন অন্যরূপ না হইলে, উল্লিখিত "শেখ হাসিনা" শব্দগুলি বিলুপ্ত হইবে।

তারিখ: ১০ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

মোঃ সাহাবুদ্দিন
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

ড. হাফিজ আহমেদ চৌধুরী
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd